

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৯.২০১৯/ ১৯৮

তারিখ: ২২/০১/২০২৫ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৮০/২০২৫

বিষয়ঃ আমদানিভ্য SCADA (Supervisory Control and Data Acquisition) System নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Pipeliners Limited এর ১১/১১/২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Pipeliners Limited নামক প্রতিষ্ঠান SCADA (Supervisory Control and Data Acquisition) System নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Pipeliners Limited
আবেদনকারীর ঠিকানা	143/144 Shantinagar Road, Dhaka.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	SCADA (Supervisory Control and Data Acquisition) System
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Assembled
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	Germany
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	8471.49.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানি পণ্যের বিবরণ:

আমদানিকারকের দাখিলকৃত দলিলাদি অনুযায়ী,

A SCADA system is a complex industrial control system used to monitor and control critical infrastructure such as power plants, water treatment facilities, manufacturing lines, and transportation systems. It consists of both hardware and software components that work together to gather real-time data from sensors, control processes remotely, and enable operators to make informed decisions.

A SCADA system এর অংশগুলো হচ্ছে-

- ESX Server
- Backup Storage Server
- Rack Mounted keyboard/monitor
- Server cabinet
- GPS time & Frequency System this (this system will be delivered inclusive of antenna/converter unit mounted in waterproof plastic case, mounting kit and 20m coax-cable RG58)
- Network equipment (Switch, Firewall)
- Software(Firewall, operating system, anti-virus, database software)
- Monitors
- Printer

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

Wikipedia হতে SCADA System সম্পর্কে প্রাপ্ত তথ্য মতে, 'Supervisory control and data acquisition (SCADA) is a control system architecture comprising computers, networked

data communications and graphical user interfaces for high-level supervision of machines and processes. It also covers sensors and other devices, such as programmable logic controllers, which interface with process plant or machinery.'

অর্থাৎ SCADA System এর 'Wireless Network Communication' এর সামর্থ্য আছে। তবে এর উপর ভিত্তি করে SCADA System কে হেডিং 85.17 এর অন্তর্ভুক্ত করা সঠিক হবে না, কারন যদিও এটি 'Wireless Network Communication' এর মাধ্যমে কাজ করতে পারে তথাপি এর মূল কাজ হচ্ছে - sensor হতে প্রাপ্ত কোন plant বা process সংক্রান্ত data কে processing এর মাধ্যমে 'mimic diagram, alarm displays, trending graphs etc.' আকারে operator এর নিকট উপস্থাপন করা যার ভিত্তিতে অপারেটর mouse pointers, keyboards and touch screens ব্যবহার করে পরবর্তী নির্দেশনা প্রদান করতে পারেন। পণ্যটিতে একটি software embided hardware system এতে Input, CPU, Including Server এবং Output Device হিসাবে মনিটর রয়েছে।

Data processing বলতে কি বোঝায় তা Explanatory Notes এর page XVI-8471-1 এ সুস্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে। 85.17 এর অন্তর্ভুক্ত পণ্যকে বোঝাতে Explanatory Notes এর ব্যাখ্যায় কোথাও Data processing শব্দগুলো ব্যবহার করা হয়নি বরং Transmission or reception or conversion or regeneration of data এই Terms গুলোকে ব্যবহার করা হয়েছে। স্পষ্টতই Data processing বলতে Explanatory Notes এ যে কাজ বোঝানো হয়েছে 85.17 এর অন্তর্ভুক্ত পণ্যগুলো সে রূপে কাজ করে না। তাই, SCADA System কে হেডিং 85. এ অন্তর্ভুক্ত করার সুযোগ নেই। পণ্যটি Chapter 84 এর section note 6, sub heading notes 2 এবং Explanatory Notes এর ব্যাখ্যা অনুসারে কম্পিউটার প্রিন্টার ব্যতীত (এইচ এস কোড 8443.32.10) এইচ এস কোড 8471.49.00 তে শ্রেণীবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানি তব্য় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সনাক্ত করে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২২.০১.২০২৫

(হোসেন আহমদ)

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।


নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৯.২০১৯/ ২৯৬

তারিখ: ২২/০১/২০২৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুধু রেয়াত ও প্রত্যাগণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, Pipeliners Limited 143/144 Shantinagar Road, Dhaka.


(তানভীর আহমেদ)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com